

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ أَبِي الشَّعْثَاءِ قَالَ: خَرَجَ رَجُلٌ مِنَ الْمَسْجِدِ بَعْدَمَا أُذِّنَ فِيهِ فَقَالَ أَبُو هُرَيْرَةَ: أَمَّا هَذَا فَقَدَ عَصَى أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم. رَوَاهُ مُسلم

বাংলা

১০৭৫-[২৪] আবৃ শা'সা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক লোক আযান শেষে মাসজিদ থেকে চলে গেলে, আবৃ হুরায়রাহ্ (রাঃ) বললেন, এ লোক আবুল ক্রাসিম সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নাফরমানী করল।[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৬৫৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (ﷺ عَصَى أَبَا الْقَاسِمِ) "এ ব্যক্তি আবুল কাসিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লমা)-এর অবাধ্য হলো"। এ থেকে বুঝা যায় আবূ হুরায়রাহ্ (রাঃ) জানতেন যে, ঐ ব্যক্তির বেরিয়ে যাওয়ার কোন প্রয়োজন ছিল না।

হাদীস থেকে এও জানা গেল, যে ব্যক্তি আযানের পরে মসজিদে অবস্থান করে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করল সে ব্যক্তি আবুল ক্লাসিম (রাঃ)-এর আনুগত্য করল।

হাদীসের শিক্ষা: আযান হয়ে যাওয়ার পর বিনা প্রয়োজনে মাসজিদ থেকে বের হয়ে যাওয়া হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55635}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন